

ঢাকা ওয়াসা

অনুচ্ছেদ:১

সংযুক্ত ক্রমিক নং ১ থেকে ৫ পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। অত্র বিভাগে দাপ্তরিক কাজকর্ম পরিচালনার জন্য প্রয়োজনের তুলনায় খুবই কম সংখ্যক কম্পিউটার আছে। বর্তমানে উর্দ্ধতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকার ডাটা এন্ট্রির কাজ, এবং ঢাকা ওয়াসার ওয়েবসাইট সহ সকল কার্যক্রম পেপারলেস, বাজেট, সফটওয়্যার ইনভেন্টরি ইত্যাদি যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। উল্লেখিত বর্তমানে দাপ্তরিক অধিকাংশ কাজ পরিচালনার জন্য কম্পিউটারের কোন বিকল্প নেই। নির্বাহী প্রকৌশলী ছাড়াও ১ (এক) জন উপ-সহকারী প্রকৌশলী, ২ (দুই) জন অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর মিটার ওয়াকশপ সহ ২ (দুই) জন স্টোর কিপার কর্মরত আছেন। প্রত্যেকের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য মোট ৬ (ছয়) টি কম্পিউটার প্রয়োজন। ঢাকা ওয়াসা কম্পিউটার MIS বিভাগে বর্তমানে কম্পিউটার মজুদ নাই বলে জানা গেছে। বর্তমানে অফিস সহকারী কাম ডাটা-এন্ট্রি অপারেটর ও স্টোর কিপারের ২টি কম্পিউটার বিদ্যুৎ বিভ্রাটের কারণে মাদার বোর্ড ও হার্ডডিস্ক অকেজো হয়ে গেছে। যা বর্তমানে অচল অবস্থায় পড়ে আছে বিধায় বিভাগের প্রয়োজনীয় কার্যক্রম করা ব্যাহত হচ্ছে। উল্লেখ্য যে, গত ২৫/০৮/২০২৬ ইং তারিখে মিটার সম্বন্ধীয় যাবতীয় কার্যক্রম MMS (Meter Management Software) এর মাধ্যমে সম্পন্ন করার অফিস আদেশ জারী করা হয়েছে। সেই কারণে বিভাগীয় অতি প্রয়োজনীয় দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে মিটার বিভাগের জন্য ১সেট কম্পিউটার বিশেষভাবে জরুরী প্রয়োজন। সেই লক্ষ্যে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে সাকুল্যে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৳৪৯,৯৩৬/- (উনপঞ্চাশ হাজার নয়শত ছত্রিশ) টাকা মাত্র। আলোচ্য ব্যয়ভার অত্র বিভাগের অনুকূলে ২০২৬-২৭ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কম্পিউটার রক্ষণাবেক্ষণ খাত ও কোড নং- 01-02-023 থেকে নির্বাহ করা হবে এবং কাজটি ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য প্রস্তাবিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-২১/৪ "কম্পিউটার মেইনটেন্যান্স" খাতে অর্ন্তভুক্ত বিবেচিত হবে। কাজ শেষে তত্ত্বাবধায়ক প্রকৌশলী এস.এম.ডব্লিউ.সি মহোদয়ের পরিদর্শনের পর চূড়ান্ত বিল প্রদান করা হবে।

সংযুক্তিঃ

✓ ১। ২০২৬-২০২৭ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেট কপি, ২। ২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত এপিপি কপি, ৩। মিটার ম্যানেজম্যান্ট সফটওয়্যারে সম্পাদনের পত্রের কপি। ৪। পূর্বানুমোদিত দরের কপি। ৫। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ:২

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে এবং অত্র বিভাগের দাপ্তরিক কাজকর্মের স্বাভাবিক ধারা অব্যাহত রাখার লক্ষ্যে কম্পিউটার সরবরাহকারী প্রতিষ্ঠান "M/S Trustworthy Traders" এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে পিপিআর/২০২৫ এর ৭৬/১ (ট) ধারা মোতাবেক ডিপিএম পদ্ধতিতে উপস্থাপিত ৳৪৯,৯৩৬/- (উনপঞ্চাশ হাজার নয়শত ছত্রিশ) টাকা মাত্র এর প্রাক্কলনটি সদয় অনুমোদন এর জন্য প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে। সবিনয়ে উপস্থাপন করা হলো।

মোঃ রাহাত হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
মিটার বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ বাবুল হোসেন
নির্বাহী প্রকৌশলী
মিটার বিভাগ
ঢাকা ওয়াসা।

মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।